



## নর্থ সাউথে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

প্রকাশিত: ২৪ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

নর্থ সাউথ ইউনিভার্সিটির সামার '১৯ সেমিস্টারের ভর্তি পরীক্ষা ২৩ মার্চ শনিবার বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। চারটি অনুষদের অধীনে বিভিন্ন কোর্সে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি ইচ্ছুক কয়েক হাজার শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম. এ. হাসেম, ট্রাস্টি বোর্ডের সদস্য বেনজীর আহমেদ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এবং উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক গিয়াস ইউ. আহসান বিভিন্ন পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন এবং ভর্তি পরীক্ষা কমিটির সমন্বয়ক ড. তামজীদ আহমেদ চৌধুরীসহ প্রশাসনিক উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি

যাত্রীর পেটে মিলল ইয়াবা

স্টাফ রিপোর্টার ॥ যাত্রীর পেটে আবার দেখা মিলল ইয়াবার। জীবনের ঝুঁকি নিয়ে ফরিদ আহমেদ নামের এক যাত্রীর পেট থেকে বের করে আনা হয় ৮শ' ইয়াবার একটি প্যাকেট। শনিবার দুপুরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ঘটে এ ঘটনা। আগাম তথ্যের ভিত্তিতে বিমানবন্দর আর্মড পুলিশ তাকে পাকড়াও করে। এ বিষয়ে বিমানবন্দর আর্মড পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার ও গোয়েন্দা প্রধান আব্দুর রহমান জানান, কক্সবাজার থেকে প্রায়ই আসছে ইয়াবার চালান। ইদানীং পেটের ভেতরে লুকিয়ে ইয়াবার চালান আনার প্রবণতা বেড়েছে। এমন তথ্যের ভিত্তিতেই বিমানবন্দরের অভ্যন্তরীণ টার্মিনালের বহিরাঙ্গনে আগে থেকেই গুঁৎ পেতে ছিল এপিবিএন সদস্যরা। দুপুরে ইউএস-বাংলা এয়ারলাইন্স যোগে কক্সবাজার থেকে ঢাকায় আসে ফরিদ। তখনই তাকে পাকড়াও করা হয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইফাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com